গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ : ২৫/০৭/২০২৪ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: খান শামীম রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, আগামী ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গঠনে সরকার নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়নে উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ১২/০৬/২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০৩। বিভাগীয় আলোচনা : বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল মোতাবেক তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, কলাবাড়িয়া ইউনিয়নের কলাবাড়িয়া ব্রীজের পার্শ্বের গাছটি কর্তনের জন্য নিলাম প্রক্রীয়া সম্পন্ন করার বিষয়ে জেলা প্রশাসক কার্যালয়ের পত্রের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি আরো বলেন কালিয়া উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য ডরমেটরী তৈরি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কলাবাড়িয়া ইউনিয়নের কলাবাড়িয়া ব্রীজের পার্শ্বের গাছটি কর্তনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন এবং কালিয়া উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য ডরমেটরী তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নড়াইল সামাজিক বন বাগান কেন্দ্রের অধীন চারা উৎপাদন ও চারা বিতরন কাজ চলমান রয়েছে। সরকারি মূল্য ৯ (নয়) টাকায় চারা বিক্রয় বিতরণ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন অবৈধ করাত কলের লাইসেন্স করণের বিষয়ে তার দপ্তর হতে সরকারি নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলাকে দুষণমুক্ত করার লক্ষ্যে গাছলাগানোর উপর জোর দেওয়ার জন্য ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের স্থিতিশীলতা প্রয়োজন। এমতাবস্থায় কালিয়া উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত যে সকল শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে উক্ত প্রতিষ্ঠানের সমস্যা সমূহ চিহ্নিত করে তা দূরীকরণের জন্য সভাপতিসহ সকল সদস্যদের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষার গুনগতমান উন্নয়নের লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ সরকারি নিতিমালার যথাযথ প্রতিপালনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা কৃষি অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করা হয়। | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ৫০ শয্যা হাসপাতালের নির্মিত অংশে ৩য় ও ৪র্থ তলার কাজ প্রায় শেষ পর্যায়ে। প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কিলোমিটার প্রতি ১০/-(দশ) টাকা হারে সরকারি ভাবে এ্যাম্বুলেন্স ভাড়া নির্ধারিত আছে বলে জানান এবং রোগী পরিবহন শেষে এ্যাম্বুলেন্সের চালকের নিকট হতে বিল ভাউচারটি সংগ্রহ করার জন্য সকলকে অনুরোধ করেন। সেবা প্রদানের জন্য তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে ৫০ শয্যা হাসপাতাল কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ ১০০% ভাগ স্বচ্ছতার সহিত এবং হাসপাতালের সেবা নিতে আসা রোগীদের ১০০% সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। কালিয়া উপজেলার সকল ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্রের কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি বলেন, কমিউনিটি ম্যানেজমেন্ট প্রকল্পের মাধ্যমে ২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০জন মৎস্য জীবিদের মাঝে ভ্যান বিতরণের কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন, ৪০০০ (চার হাজার) নিবন্ধিত জেলেদের মাঝে বিনামূল্যে ছাগল ও ভ্যান বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পুকুর জরিপে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তার দপ্তরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে জেলেদের বিকল্প কর্মসংস্থানের পাশাপাশি কারেন্ট জাল এবং চায়না জাল নিধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনায় উপজেলা মৎস্য অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা শিক্ষা অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার প্রাপ্ত বরাদ্দ সরকারি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে বলে সভায় জানান। তিনি আরো বলেন অনলাইনে আবেদনের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে ভাতার কার্ড প্রদান করে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নে নতুন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন করার বিষয়ে নতুন ভাতা গ্রাহকদের অবগত করার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বেকার যুব/যুব মহিলাদের ১৪টি ব্যাচে ৩০ জন করে মোট ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্মকর্মসংস্থানের জন্য ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তির পর মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তার দপ্তর হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। তিনি আরো বলেন, তার দপ্তর হতে বায়োগ্যাস প্লান্ট নির্মাণ প্রকল্প কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের জন্য ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও পরিবেশসহ জ্বালানীর অপচয় রোধে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রতিটি ইউনিয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিজিডি কার্যক্রমের আওতায় চাল বিতরণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে। তিনি আরো বলেন তিন মাস অন্তর দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। পাশাপাশি উপজেলা নারী ও শিশু নির্যাতন/পাচার প্রতিরোধ কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে আত্নকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা এবং তার দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান- আর্সেনিক প্রকল্পের ৫০০টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। তার মধ্যে কালিয়া উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাথমিক বিদ্যালয়ের ৫৫ (পঞ্চান্ন)টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ এবং মোট ৩০টি ওয়াস ব্লক এর কাজ চলমান রয়েছে। কালিয়া উপজেলায় স্থাপিত গভীর নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা এবং নলকূপের গোড়া পাকা করণের কাজ চলমান রয়েছে। ২০২৪-২০২৫ | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত বিষয়গুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | অর্থ বছরে নতুন বারাদ্দ পাওয়ার পর সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে বলে জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা নির্বাচন অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, পিপিআর রোগ নিয়ন্ত্রনের জন্য টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি গবাদি পশুর খুরা রোগের টিকা খুব শীঘ্রই তাদের কাছে পাওয়া যাবে বলে সভায় জানান। তিনি আরো বলেন, ৩১০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করানো হয়েছে। তার দপ্তর হতে ২৩৪৪টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। স্কুল মিল্ক ফিডিং কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন সময়ে উদ্যোগক্তাদের মাঝে প্রশিক্ষণসহ হাঁস-মুরগী, গবাদীপশুর রোগমুক্তির জন্য প্রয়োজনীয় টিকা উপজেলা প্রাণিসম্পদ অফিসারের দপ্তরের রাখার ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল বলেন, তার নিরাপত্তারক্ষী আনসারদের মাঝে মালামাল সরবরাহ বাবদ জুলাই/২০২৪ মাস পর্যন্ত ৬,৭৯৫/- (ছয় হাজার সাতশত পচানব্বই) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় বিল পরিশোধের বিল ভাউচার দাখিল করা হয়েছে যাহা পরিশোধ করা প্রয়োজন। উক্ত প্রস্তাবকে সভাসকল সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তারক্ষী আনসারদের মাঝে মালামাল সরবরাহ বাবদ ৬,৭৯৫/- (ছয় হাজার সাতশত পঁচানব্বই) টাকা ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-২ | সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর (৩এর ঢ) নির্দেশনায় বিদ্যুৎ/টেলিফোন বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল, ইন্টারনেট বিল, ভূমি উন্নয়ন কর, পৌর কর/হোল্ডিং ট্যাক্স, গ্যাস বিল ইত্যাদি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিধি মোতাবেক পরিশোধের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে উপজেলা পরিষদের কিছু বিজ্ঞাপন বিল বকেয়া রয়েছে যা পরিশোধ করা প্রয়োজন। তিনি বিজ্ঞাপনের বকেয়া বিল প্রদানের বিষয়টি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পরিপত্রের নির্দেশানার আলোকে বিলের যথার্থতা যাচাই পূর্বক বিল পরিশোধের ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27.07.24

(খান শামীম রহমান)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

তারিখ: ২৭/০৭/২০২৪ খ্রিঃ।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪- ৭২৭ (৫০)

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ..........................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,...........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

27.07.2024
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

Rajulation meting of co-ordinator/82